

## রাই সরিষা

**জাত :-** বরুনা (টি-৫৯)

**বীজ বোনার সময় :-** আশ্বিন - কার্তিক মাস ।

**বীজের পরিমাণ :-** ৮ কেজি প্রতি কানি ।

**বীজ শোধন :-** হাল্কা রোদেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে ।

**জমি তৈরী :-** দুই তিন বার ভাল ভাবে চাষ দিয়ে মিহি করে জমি তৈরি করুন। আগাছা পরিষ্কার করুন। সেচ ও জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করুন।

**কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-**

গোবর সার বা খামার পঁচা সার -	৮০০ কেজি,
ইউরিয়া	- ২১ কেজি,
সুপার ফসফেট	- ৪০ কেজি,
পটাশ	- ১০ কেজি

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে বাকি সব সার মূল জমি তৈরি করার সময় প্রয়োগ করুন ।

**বীজ বপনের দূরত্ব :-** সারি থেকে সারি ৫০ সেমি, এবং বীজ থেকে বীজের দূরত্ব ৭.৫ সেমিঃ বজায় রাখুন।

**অন্তর্বর্তী পরিচর্যা :-** বীজ বপনের ২০ থেকে ২৫ দিন পর ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিষ্কার করুন । সারির মধ্যে গাছ থেকে গাছের দূরত্ব ৭.৫ সেমি, বজায় রেখে অতিরিক্ত চারা তুলে ফেলুন । বর্ষাতে জমিতে জল হলে জল নিকাশের ব্যবস্থা করুন ।

**জলসেচ ব্যবস্থা :-** ফুল আসার সময় জমিতে তস না থাকলে একবার হাল্কাভাবে সেচ দেবার ব্যবস্থা করুন।

**সময় কাল :-** ১২০ - ১২৫ দিনের ফসল ।

**উৎপাদন :-** কানি প্রতি উৎপাদন ২০০ - ২৪০ কেজি ।